# প্রাইভেট ফস্টারিং

## আপনার বাচ্চা কি অন্য কোনো পরিবারে বাস করছে?

## অথবা আপনি কি অন্য কারোর বাচ্চাকে দেখাশোনা করছেন?

যদি তাই হয়, তবে আপনি হয়ত প্রাইভেট ফস্টারিং ব্যবস্থায় জড়িত রয়েছেন

আইনে বলা হয়েছে যে, প্রাইভেট ফস্টারিং সম্পর্কে চিলড্রেন্স সোশ্যাল কেয়ারকে অবশ্যই জানাতে হবে। বাচ্চাদেরকে ভাল ভাবে সেবাযত্ন করা হচ্ছে কি না এবং প্রয়োজন বোধে সেবাযত্নকারীকে সাহায্য সহায়তা করার জন্যই তা তাদের জানা দরকার

বিস্তারিত জানার জন্য এই তথ্যপত্রের অপর পৃষ্ঠাটি পড়ে নিন



Somerset Local Safeguarding Children Board

# প্রাইভেট ফস্টারিং কি?

SOMERSET County Council

যখন ১৬ বছরের নিচের (কিংবা ডিজেবিলিটি থাকলে ১৮ বছরের নিচের) কোনো বাচ্চা ঘনিষ্ঠ আত্মীয়, অভিভাবক বা মা–বাবার দায়িত্বে নিয়োজিত কেউ ছাড়া অন্য কারোর হেফাজতে ২৮ দিনের বেশি থাকে তখন তাকে বলা হয় প্রাইভেট ফস্টারিং। ঘনিষ্ঠ আত্মীয় বলতে বোঝায় মা–বাবা, সৎ মা কিংবা সৎ বাবা, চাচী/খালা, চাচা/মামা এবং দাদা/দাদী বা নানা/নানী

চিলড্রেন্স সোশ্যাল কেয়ারের পক্ষ থেকে বাচ্চাকে কোনো পরিবারের হেফাজতে ন্যস্ত করা হলে অথবা হেফাজতকারী একজন অনুমোদিত ফস্টার কেয়ারার হলে তা প্রাইভেট ফস্টারিং হিসাবে গণ্য হবে না

অনেকে নানান কারণে ফস্টার কেয়ারার হয়ে থাকেন। তিনি হতে পারেন বাচ্চার পরিবারের কোনো বন্ধু বা অপরিচিত পরিবারের বাচ্চাকে দেখাশোনা করতে ইচ্ছুক কেউ, উদহারণস্বরূপ, লম্বা হলিডে বিনিময়কারী বাচ্চা, বা মা–বাবা বিদেশে রয়েছেন এমন মা–বাবার বাচ্চাকে দেখাশোনা করা

**আইনে বলা হয়েছে যে, যে কোনো প্রাইভেট ফস্টারিং ব্যবস্থা সম্পর্কে আপনার জানা থাকলে চিলড্রেন্স সোশ্যাল কেয়ার বিভাগকে তা জানাতে আপনি বাধ্য থাকবেন**

তা জানানোর জন্য যোগাযোগ করুন:

Somerset Direct

**চিলড্রেন এন্ড ইয়াং পিপোলস টিমের সাথে**

**টেলিফোন:**



**0300 123 2224 or**

**ইমেইল: childrens@somerset.gov.uk**

**সাম্যতা অর্জনের লক্ষ্যে সম্মিলিত ভাবে কার্যরত**

জুলাই 2016